# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd


সূত্র: নাসিক/ওয়ার্ড নং-১৫/৯৮ তারিখ: ১১/০২/২০২৬ খ্রি.

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬/০২/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ১৫ নং ওয়ার্ড কার্যালয়ে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচী:-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।
৩। মশক নিধন কার্যক্রম পর্যালোচনা।
৪। মা ও শিশু সহায়তা কর্মসূচী।
৫। কর আদায়ের অগ্রগতি কার্যক্রম পর্যালোচনা।

শুভেচ্ছান্তে,

১১/০২/২৬

(মোঃ জহিরুল আলম)
সভাপতি
১৫নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
বাজার কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ১৫নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ জহিরুল আলম<br>বাজার কর্মকর্তা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| ওয়ার্ড নং | : | ১৫ |
| সভার তারিখ | : | ১৬/০২/২০২৬খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার স্থান | : | ১৫নং ওয়ার্ড কার্যালয়। |

### সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও বাজার কর্মকর্তা জনাব মোঃ জহিরুল ইসলাম কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবুল কালাম'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কামিটির সদস্য সচিব জনাব মোঃ আবুল কালাম পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১৫নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে। | ১৫নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ আবুল কালাম অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। বিবি সড়কের পূর্ব ও পশ্চিম পাশে ফুটপাথসহ আরসিসি ড্রেন নির্মাণ।<br>২। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অধীনে টানবাজারে পরিচ্ছন্ন কর্মীদের আবাসন ভবন নির্মাণ।<br>৩। পদ্ম সিটি প্লাজা-৭ আবাসিক ভবন নির্মাণ।<br>৪। পদ্ম সিটি প্লাজা-৮ আবাসিক ভবন নির্মাণ।<br>৫। মিনা বাজারে খাতুন-এ জান্নাত সৈয়দা ফাতেমা (রা.) সিটি | ১৫নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ এবং যেসকল উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপন করা হয় দায়িত্বিপ্রাপ্ত প্রকৌশলী সেসকল স্থান পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত নেয়া হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জামে মসজিদ নির্মাণ।<br>৬। নবাব সিরাজুদ্দৌলা সড়ক মেরামত।<br>৭। ২নং রেল গেট থেকে মেট্রো রেল ভায়া ১নং রেল গেট পর্যন্ত শহীদ সোহরাওয়ার্দী সড়ক মেরামত।<br>৮। পদ্ম সিটি প্লাজা-৫ (কার পার্কিং ভবন) এর দক্ষিন পার্শ্বে ৪(চার) তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণ।<br>৯। মন্ডলপাড়া গ্যারেজের পশ্চিম ও দক্ষিন পার্শ্বে বাউন্ডারি দেয়াল নির্মাণ।<br>১০। এস এ মালেহ রোড থেকে ১নং রেল গেট ভায়া সদর থানা সামনের গেট পর্যন্ত সড়ক মেরামত। | | |

**আলোচ্যসূচী-৩: মশক নিধন কার্যক্রম পর্যালোচনা।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম পর্যালোচনা। | ১৫নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ আবুল কালাম বলেন, মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আমাদের ওয়ার্ডে ইতোমধ্যে বেশ কয়েকটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়মিতভাবে লার্ভা ধ্বংস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলো চিহ্নিত করে সেখানে বিশেষ নজরদারি রাখা হয়েছে। জমে থাকা পানি অপসারণে পরিচ্ছন্নতা কর্মসূচি চলমান রয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ফগিং ও কীটনাশক স্প্রে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। পাশাপাশি ওয়ার্ডবাসীর মাঝে সচেতনতা বাড়াতে মাইকিং ও সরাসরি যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। সকলের সহযোগিতায় এসব কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়ন হবে বলে আমরা আশাবাদী। | ১৫নং ওয়ার্ডের এসব কার্যক্রমকে সাধুবাধ জানিয়ে সকলকে ধন্যবাদ জানান এবং এ কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত হয়। | মশক নিধন শাখা, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৪: মা ও শিশু সহায়তা কর্মসূচী।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মা ও শিশু সহায়তা কর্মসূচী। | মা ও শিশু সহায়তা কর্মসূচী বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কপোরেশনের কমিউনিটি কর্মী জনাব নাজিরুল ইসলাম বলেন, আপনারা ইতোমধ্যে অবগত আছেন যে, নিম্ন আয়ের মানুষের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি মাতৃত্বকালীন ভাতার ব্যবস্থা করেছে। ভাতার জন্য আবেদনকারীর ব্যাংক হিসাব, NID, ANC কার্ডসহ অনলাইনে আবেদন করতে হবে। অতঃপর আবেদনটি সিটি কর্পোরেশনের সমাজ কল্যাণ বিভাগে জমা দেওয়া যাবে। উল্লেখ্য যে, ১৫নং ওয়ার্ডে প্রতি মাসে সর্বোচ্চ ৫টি আবেদন জমা দেওয়া যাবে। | ১৫নং ওয়ার্ডে মাতৃত্বকালীন ভাতা প্রসঙ্গে জনসাধারনের মধ্যে প্রচারনা এবং আবেদন করে সিটি কর্পোরেশনে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৫নং ওয়ার্ড WLCC কমিটি এবং সমাজ কল্যাণ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৫: কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায় অগ্রগতি পর্যালোচনা। | WLCC'র সদস্য সচিব জনাব মোঃ আবুল কালাম সভাকে অবহিত করেন যে, আমাদের ১৫নং ওয়ার্ডে মোট ৫৫.৫৬% পৌরকর আদায় হয়েছে। বিভিন্ন বৈদেশিক প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশনসহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬।০২।২৬

(মোঃ জহিরুল আলম)
সভাপতি
১৫নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
বাজার কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ১৫ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জহিরুল আলম | সভাপতি | 01919-409610 | |
| ০২ | জনাব মাহফুজা আক্তার | সদস্য | 01931-327389 | |
| ০৩ | জনাব পিংকি চৌধুরী | সদস্য | 01876-405718 | Pinky Chowdhury |
| ০৪ | জনাব শাহিন মিরাজ মনি | সদস্য | 01836-730370 | |
| ০৫ | জনাব শংকর সাহা | সদস্য | 01842-582374 | শংকর সাহা |
| ০৬ | জনাব মিজানুর রহমান টুলু | সদস্য | 01711-537228 | |
| ০৭ | জনাব অজয় কুমার বিশ্বাস | সদস্য | 01823-014801 | অজয় কুমার |
| ০৮ | জনাব তারিক বিন ইউসুফ (বাবু) | সদস্য | 01977-117345 | Babu |
| ০৯ | জনাব সোহেল আক্তার | সদস্য | 01711-533278 | |
| ১০ | জনাব সুব্রত কুমার সাহা | সদস্য | 01819-295128 | Subroto |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব ইকবাল বাবু | সদস্য | 01914-083733 | ইকবাল বাবু |
| ১২ | জনাব বিকাশ চন্দ্র দেবনাথ | সদস্য | 01711-150608 | |
| ১৩ | জনাব শাহনাজ বেগম | সদস্য | 01841-535484 | [illegible] |
| ১৪ | জনাব রুমা মোদক | সদস্য | 01746-772372 | রুমা |
| ১৫ | জনাব রেহেনা বেগম | সদস্য | 01730-894264 | রেহেনা |
| ১৬ | জনাব মোহাম্মদ হোসেন জুলু | সদস্য | 01815-434582 | |
| ১৭ | জনাব প্রণব কৃষ্ণ রায় | সদস্য | 01552-387483 | |
| ১৮ | জনাব মোঃ আবুল কালাম | সদস্য সচিব | 01943-029081 | [illegible] |

CS CamScanner